বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্তিকরণ - এর

# নীতিমালা

বাংলাদেশ টেলিভিশন

কেন্দ্রীয় বিজ্ঞাপন বিভাগ

ঢাকা

# বাংলাদেশ টেলিভিশনের
# বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্তিকরণের
# অনুমোদিত নীতিমালা

(১) বিটিভি'র বিজ্ঞাপন বিভাগে এজেন্সী হিসেবে অনুমোদন লাভে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন কাজের সুযোগ সুবিধা বিশেষ করে বিজ্ঞাপন এজেন্সী পরিচালনার জন্য প্রয়োজনীয় পেশাদার কর্মী এবং টিভি বিজ্ঞাপন সামগ্রী যথা- বিজ্ঞাপন উপকরণ নির্মাণের কলাকুশলী ও ইউনিটসহ নিজস্ব একটি অফিস থাকতে হবে।

(২) আবেদনকারী এজেন্সী আবেদন পত্রের সাথে তাঁদের চলতি বছরের ট্রেড লাইসেন্স-এর সত্যায়িত কপি এবং আয়কর বিভাগের রেজিস্ট্রেশন সম্পর্কিত প্রমাণপত্র প্রদান করবেন।

(৩) আবেদনপত্র প্রাপ্তির ২ সপ্তাহের মধ্যে বিটিভি'র বিজ্ঞাপন বিভাগ আবেদনকারী সংস্থার বিজ্ঞাপন ব্যবসার জন্য প্রয়োজনীয় সকল অবকাঠামোগত সুযোগ সুবিধা বিদ্যমান কিনা তা তদন্ত করবেন। প্রাথমিক পর্যায়ে একজন বিজ্ঞাপন নির্বাহী এই তদন্ত পরিচালনা করবেন এবং তদন্ত রিপোর্ট উপস্থাপনের পর নিয়ন্ত্রক/ বিজ্ঞাপন অধ্যক্ষ পুনরায় তদন্ত করে যোগ্য বিবেচিত হলে তালিকাভুক্তি অনুমোদনের জন্য জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যানের কাছে প্রয়োজনীয় সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

(৪) জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যানের অনুমোদন প্রাপ্তির পর বিটিভি'র বিজ্ঞাপন বিভাগ নিম্নলিখিত ব্যবস্থার অধীনে এজেন্সীকে তালিকাভুক্ত করবেন ঃ—

(ক) কেন্দ্রীয় সেলস অফিস, ঢাকায় তালিকাভুক্তির জন্যে এসব এজেন্সীকে প্রথম চুক্তিপত্রের দিন থেকে ৩(তিন) মাসের মধ্যে মোট ~~৪ (চার)~~ লক্ষ টাকা এবং চট্টগ্রাম সেলস অফিসে তালিকাভুক্তির জন্যে প্রথম চুক্তিপত্রের দিন থেকে ৩ (তিন) মাসের মধ্যে মোট ~~৩ (তিন)~~ লক্ষ টাকা বিজ্ঞাপন প্রচারের চুক্তিপত্র বিটিভি'র সাথে সম্পাদন করতে হবে। এই চুক্তিপত্রসমূহের সাথে তাঁদের প্রাপ্য ১৫% এজেন্সী কমিশন অবমুক্ত করা হবে না, তবে প্রতি চুক্তিপত্রের সাথে তাঁদের প্রাপ্য কমিশনের হিসাব রাখা হবে। ৩ (তিন) মাসের মধ্যে শর্ত পুরণ হলে এজেন্সীকে ৩ (তিন) মাসের জমাকৃত এজেন্সী কমিশন ক্রেডিট নোটের মাধ্যমে অবমুক্ত করা হবে যা সংশ্লিষ্ট এজেন্সীর পরবর্তী চুক্তিপত্রের সাথে সমন্বয় করা হবে। ৩ (তিন) মাসের মধ্যে নির্ধারিত অংকের ব্যবসা প্রদানে ব্যর্থ হলে ঐ সময়ের মধ্যে প্রদত্ত ব্যবসার অনুকূলে কোন এজেন্সী কমিশন প্রদান করা হবে না। ১৫% হারে সরকারী শুল্ক, প্রদেয় ব্যবসার শর্ত পূরণের নির্ধারিত অংকের বহির্ভূত হবে।

(খ) মোট বিলিং-এর পরিমাণ ৩ মাসের মধ্যে টাঃ ~~৪ (চার)~~ লক্ষ পূর্ণ হলে এবং 'গ' এর শর্ত পুরণ সাপেক্ষে এজেন্সীদের স্থায়ীভাবে তালিকাভুক্ত করা হবে এবং তখন থেকে তাদের সকল চুক্তিপত্রে নির্ধারিত ১৫% হারে এজেন্সী কমিশন যথারীতি অবমুক্ত করা হবে।

(গ) 'ক' ধারা অনুযায়ী শর্ত পুরণ সাপেক্ষে চূড়ান্তভাবে তালিকাভুক্তির জন্য উপযোগী এজেন্সী তালিকাভুক্তির ফি হিসাবে ~~৫,০০০/= (পাঁচ হাজার)~~ টাকা বাংলাদেশ টেলিভিশন-এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক-ড্রাফট-এর মাধ্যমে প্রদান করবেন। এই ফি অফেরৎযোগ্য হবে। তালিকাভুক্তি ফি প্রদান করা হলে এজেন্সীকে চূড়ান্তভাবে তালিকাভুক্ত করা হবে।

(ঘ) তালিকাভুক্ত এজেন্সীদের বাৎসরিক ~~৩,০০০/= (তিন হাজার)~~ টাকা নবায়ন ফি প্রতি বছর ১লা ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে পরিশোধ করে এজেন্সীর তালিকাভুক্তি পরবর্তী ক্যালেণ্ডার বছরের জন্যে নবায়ন করতে হবে। এই নবায়ন ফি বাংলাদেশ টেলিভিশনের অনুকূলে ব্যাংক-ড্রাফট এর মাধ্যমে বিজ্ঞাপন বিভাগে জমা দিতে হবে। নবায়ন ফি অফেরৎযোগ্য হবে। প্রতি বছর নবায়ন ফি প্রদানের সময় তালিকাভুক্ত বিজ্ঞাপন এজেন্সীদের তাঁদের জিআইআর নম্বর অনুযায়ী বিগত অর্থ বছরের আয়কর রিটার্ণ দাখিলের প্রমাণপত্র এবং নবায়িত ট্রেড লাইসেন্স-এর সত্যায়িত চিত্রলিপি জমা দিতে হবে। তা না হলে এজেন্সীর তালিকাভুক্তি নবায়ন সম্পন্ন করা হবে না।

(ঙ) ৩১শে ডিসেম্বরের মধ্যে কোন এজেন্সী যদি যথারীতি নবায়ন ফি প্রদান না করেন তা হলে পরবর্তী ১লা জানুয়ারী থেকে তাঁদের কাছ থেকে ব্যবসা গ্রহণ স্থগিত থাকবে। তবে ১লা জানুয়ারী থেকে তিন মাসের মধ্যে ৫০০/- (পাঁচ শত) টাকা লেট ফি সহ নবায়ন ফি জমা দিয়ে যথারীতি ব্যবসা পুনরারম্ভ করতে পারবেন।

(চ) যদি কোন এজেন্সী লেট ফি সহ উক্ত ৩ মাসের মধ্যে তালিকাভুক্তি নবায়ন করতে ব্যর্থ হন তবে সে এজেন্সীর তালিকাভুক্তি চূড়ান্তভাবে বাতিল হবে। বাতিলকৃত এজেন্সী ইচ্ছা করলে প্রাথমিক তালিকাভুক্তির নিয়মানুযায়ী পুনরায় তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন।

(ছ) ইতিমধ্যেই যে সকল এজেন্সী বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন বিভাগে তালিকাভুক্ত হয়েছেন তাদের ক্ষেত্রে এই নীতিমালা সংক্রান্ত আদেশ কার্যকর হওয়ার দুই মাসের মধ্যে তালিকাভুক্তির ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পরিশোধ করতে হবে এবং নিয়মানুযায়ী ৩১ ডিসেম্বরের মধ্যে পরবর্তী বৎসরের জন্যে নির্ধারিত নবায়ন ফি 'ঘ' ধারায় বর্ণিত শর্ত অনুযায়ী প্রতি বছর যথারীতি পরিশোধ করতে হবে।

(জ) তালিকাভুক্ত কোন এজেন্সী যদি টেলিভিশনের স্বার্থবিরোধী কোন কাজ করেন এবং উক্ত এজেন্সীর বিরুদ্ধে যদি কোন বিজ্ঞাপনদাতার সাথে প্রতারণামূলক আচরণের অভিযোগ পাওয়া যায় বা উক্ত এজেন্সী যদি বিজ্ঞাপন নীতিমালার বহির্ভূত কোন কাজ করেন সে ক্ষেত্রে তদন্ত সাপেক্ষে অভিযোগ প্রমাণিত হলে বিজ্ঞাপন বিভাগের সুপারিশ অনুযায়ী জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যান/বিটিভি'র মহাপরিচালক ঐ এজেন্সীর তালিকাভুক্তি সাময়িক বা স্থায়ীভাবে বাতিল করতে পারেন। জাসক চেয়ারম্যানের / মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন-এর সিদ্ধান্তের উপর আবেদনের শুনানী (Appeal Hearing) তথ্য সচিব মহোদয় গ্রহণ করবেন এবং তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঝ) ঢাকা কেন্দ্রীয় সেলস অফিসের তালিকাভুক্ত এজেন্সীরা কেবলমাত্র কেন্দ্রীয় সেলস অফিসের সাথে এবং চট্টগ্রাম সেলস অফিসের তালিকাভুক্ত এজেন্সীরা কেবলমাত্র চট্টগ্রাম অফিসের সাথে ব্যবসা সম্পাদন করতে পারবেন। এক জায়গায় তালিকাভুক্ত এজেন্সী কোন অবস্থাতেই অন্য সেলস অফিসে ব্যবসায়িক লেন-দেন করতে পারবেন না। তবে যদি কোন এজেন্সী ঢাকা থেকে চট্টগ্রাম অথবা চট্টগ্রাম থেকে ঢাকায় তাদের অফিস স্থানান্তর করেন এবং বিটিভি'র স্থানীয় সেলস অফিসের সাথে ব্যবসায়িক লেন-দেন করতে চান সে ক্ষেত্রে তারা যে সেলস অফিসে তালিকাভুক্ত আছেন সেখান থেকে অনাপত্তিমূলক প্রাক ছাড়পত্র গ্রহণ করবেন এবং ঐ ছাড়পত্র সহ যে সেলস অফিসের সঙ্গে ব্যবসা সম্পাদন করতে চান সেই সেলস অফিসে আবেদন করবেন। এই আবেদনপত্রের সাথে নতুন অফিস এলাকার ট্রেড লাইসেন্স ও আয়কর বিভাগের রেজিস্ট্রেশনের প্রমাণপত্র জমা দিতে হবে। এই স্থানান্তরের জন্য এজেন্সীকে ২,০০০/= (দুই হাজার) টাকা স্থানান্তর ফি বিটিভিকে প্রদান করতে হবে যা অনুমোদিত বিধি অনুযায়ী নির্দিষ্ট খাতে জমা হবে। স্থানান্তর ফি অফেরৎযোগ্য হবে। আঞ্চলিক অফিসে তালিকাভুক্ত কোন এজেন্সীর তালিকাভুক্তির দিন থেকে দুই বৎসর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত ঢাকার কেন্দ্রীয় কার্যালয়ে তালিকাভুক্তি স্থানান্তরযোগ্য হবে না।

৫। এজেন্সী তালিকাভুক্তি ফি, নবায়ন ও স্থানান্তর ফি সহ সকল প্রকার ফি বাবদ প্রাপ্ত অর্থ বিটিভি'র বিজ্ঞাপন রাজস্ব থেকে সংগৃহীত অর্থের জন্য বাংলাদেশ ব্যাংক-এর নির্দিষ্ট খাতেই জমা হবে।

৬। এই অনুমোদিত নীতিমালা ১লা জানুয়ারী ১৯৯১ ইং থেকে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত পূর্ববর্তী সকল আদেশ অনুমোদিত নীতিমালার পরস্পর বিরোধী না হলে বলবৎ থাকবে।

৭। বর্তমানে যাঁরা বিজ্ঞাপন এজেন্সী হিসেবে কাজ করছেন তাঁদের উপরেও এই নীতিমালা প্রযোজ্য হবে এবং এই নীতিমালা অনুযায়ী তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট শর্তসমূহ পূরণ করতে হবে।

৮। একটি ইংরেজী পঞ্জিকা বছরের যে কোন সময় কোন বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্ত হতে চাইলে তাকে সংশ্লিষ্ট বছরের পূর্ণ তালিকাভুক্তি ফি দিতে হবে।

**সূত্রঃ তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং তম /৮(১)/৯০-টিভি-/৫৮ তারিখ ১৭-০১-৯১ইং**

*‘ সময় তোমার মিত্র নয়
অথবা তোমার ভৃত্য নয়
সময় নষ্ট কোরোনা বন্ধু
কখন ফুরায় কার সময় । ’*

– মাহমুদ সেলিম

সৌজন্যঃ

**এ মাসের টেলিভিশন**

( টেলিভিশন ভিত্তিক বিনোদন মাসিক )
লাকি চেম্বার (৪র্থ তলা, কক্ষ নং ঃ ৫৭)
৮৯ মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা – ১০০০। ফোনঃ ২৩৯০৮২